

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৭৮

১৭/ ক্রয়-বিক্রয় ও ব্যাবসা-বাণিজ্য (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩৩০. আনমান করা সম্পর্কে।

باب فِي الْذَرْصِ

আরবী

حَدَّتَنَا يَحْيَى بْنُ مَعِينٍ، حَدَّتَنَا حَجَّاجٌ، عَنِ ابْنِ جُرَيْجٍ، قَالَ أُخْبِرْتُ عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، _ رضى الله عنها _ قَالَتْ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَبْعَثُ عَبْدَ اللَّهِ بْنَ رَوَاحَةَ فَيَخْرُصُ النَّحْلَ حِينَ يَطِيبُ قَبْلَ أَنْ يُوْكَلَ مِنْهُ ثُمَّ يُخَيِّرُ يَهُودَ يَأْخُذُونَهُ بِذَلِكَ الْخَرْصِ لِكَىْ تُحْصَى الزَّكَاةُ قَبْلَ أَنْ يُؤْكَلَ الْتِّمَارُ وَتُفَرَّصِ أَوْ يَدْفَعُونَهُ إِلَيْهِمْ بِذَلِكَ الْخَرْصِ لِكَىْ تُحْصَى الزَّكَاةُ قَبْلَ أَنْ تُوْكَلَ التِّمَارُ وَتُفَرَّقَ .

বাংলা

৩৩৭৮. ইয়াহইয়া ইবন মাঈন (রহঃ) আইশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবদুল্লাহ ইবন রাওয়াহা (রাঃ)-কে প্রতি বছর খায়বর পাঠাতেন, যাতে তিনি খেজুর পাকার সময়, খাওয়ার উপযুক্ত হওয়ার আগে তার পরিমাণ নির্ধারণ করতে পারেন। এরপর তিনি খেজুরের পরিমাণ নির্ধারণ করে ইয়াহূদীদের ইখতিয়ার দিতেন যে, তারা এ পরিমাণ নিতে পারে অথবা ঐ পরিমাণ গ্রহণ করে, বাকি অংশ তাঁকে প্রদান করে, যাতে ফলগুলো খাওয়া যায় এবং ছড়া থেকে বিচ্ছিন্ন হওয়ার আগে তার যাকাতও পরিশোধ করা যায়।

English

Narrated Aisha, Ummul Mu'minin:

The Prophet (used to send Abdullah ibn Rawahah (to Khaybar), and he would assess the amount of dates when they began to ripen before they were eaten (by the Jews). He would then give choice to the Jews that they have them (on their possession) by that assessment or could assign to them (Muslims) by that assignment, so that the (amount of) zakat could be calculated before the fruit became eatable and distributed (among the



people).

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন